দৈনিক ইত্তেফাক

তারিখ ...0 9 OCT 1992...
পৃষ্ঠা ... ১ ... কলাম ... ৬ ...

40

# ঢাকা বোর্ডের এইচএসসি পরীক্ষায় পাসের হার ৬৯·৪০ ভাগ

ইত্তেফাক রিপোর্ট ॥ গতকাল (বৃহস্পতিবার) ঢাকা বোর্ডের ১৯৯২ সালের এইচ, এস, সি পরীক্ষার ফলাফল প্রকাশিত হইয়াছে। পাসের হার ৬৯ দশমিক ৪০ ভাগ। মোট পরীক্ষার্থীর সংখ্যা ছিল ৭৯ হাজার ২৪ জন। উত্তীর্ণ হইয়াছে ৫৪ হাজার ৮৪২ জন। ইহাদের মধ্যে ১১ হাজার ৫০৮ জন প্রথম বিভাগে, ২৩ হাজার ৯৯৯ জন দ্বিতীয় বিভাগে এবং ১৯ হাজার ৩৩৫ জন তৃতীয় বিভাগে। কলা বিভাগে পাসের হার ৬৫ দশমিক ৪৬। মোট পরীক্ষার্থীর সংখ্যা ছিল ৪৪ হাজার ২২২। ইহাদের মধ্যে ৩ হাজার ২১৭ জন প্রথম বিভাগে, ১২ হাজার ৮৭২ জন দ্বিতীয় বিভাগে, ২৮ হাজার ৯৪৮ জন তৃতীয় বিভাগে উত্তীর্ণ হইয়াছে। বিজ্ঞান বিভাগে পাসের হার ৭২ দশমিক ৫০। মোট পরীক্ষার্থীর সংখ্যা ছিল ১৯ হাজার ৪৫৪। ইহাদের মধ্যে ৬ হাজার ২২৭ জন প্রথম বিভাগে, ৫ হাজার ৩০২ জন দ্বিতীয় বিভাগে, ২ হাজার ৫৭৫ জন তৃতীয় বিভাগে উত্তীর্ণ হইয়াছে। বাণিজ্য বিভাগে পাসের হার ৭৬ দশমিক ৭১। মোট পরীক্ষার্থীর সংখ্যা ছিল ১৪ হাজার ৯১৫। ইহাদের মধ্যে (শেষপৃঃ দ্রঃ)

## ঢাকা বোর্ড

(১ম পৃঃ পর)

১ হাজার ৯৬০ জন প্রথম বিভাগে, ৫ হাজার ৬৪৩ জন দ্বিতীয় বিভাগে, ৩ হাজার ৮৩৮ জন তৃতীয় বিভাগে উত্তীর্ণ হইয়াছে। কৃষি বিভাগে পাসের হার ৫৩ দশমিক ৫৭। মোট পরীক্ষার্থী ছিল ৫৬ জন। ২ জন প্রথম, ১৩ জন দ্বিতীয় ও ১৫ জন তৃতীয় বিভাগে উত্তীর্ণ হইয়াছে। গার্হস্থ্য অর্থনীতি বিভাগে পাসের হার ৮৯ দশমিক ১৬। মোট পরীক্ষার্থীর সংখ্যা ছিল ৩৩২ জন। ইহাদের মধ্যে ৯৬ জন প্রথম বিভাগে, ১৫৬ জন দ্বিতীয় বিভাগে, ৪৪ জন তৃতীয় বিভাগে উত্তীর্ণ হইয়াছে। সঙ্গীত বিভাগে পাসের হার ৫৩ দশমিক ৪৯। মোট পরীক্ষার্থী ছিল ৪৩ জন। ৬ জন প্রথম বিভাগে, ১৩ জন দ্বিতীয় বিভাগে এবং ৪ জন তৃতীয় বিভাগে উত্তীর্ণ হইয়াছে।

ভিকারুন নিসা-নুন স্কুল ও কলেজের ছাত্রী সারাহ আহমেদ ৪টি বিষয়ে লেটারসহ মোট ৯৮৯ নম্বর পাইয়া বিজ্ঞান বিভাগের সম্মিলিত মেধা তালিকায় প্রথম স্থান অধিকার করিয়াছে। কলা বিভাগে প্রথম স্থান অধিকার করিয়াছে ঢাকা কলেজের ছাত্র মাহবুবুর রহমান। ৪টি বিষয়ে লেটারসহ তাহার মোট প্রাপ্ত নম্বর ৯০৫। ঢাকা কমার্স কলেজের ছাত্রী কাজী নাইমা বিনতে ফারুকী বাণিজ্য বিভাগে প্রথম হইয়াছে। ২ বিষয়ে লেটারসহ তাহার প্রাপ্ত মোট নম্বর ৮৩৯।